

## বিরহের সংজ্ঞা

এফ. আহমেদ

সেদিন তোমার অপেক্ষায় ছিলাম,  
লেকের ধারে গাছের পাতাগুলো -  
যেন দোল থামিয়ে অপেক্ষায় ছিল।  
রাস্তায় পায়চারী করছিলাম,  
রাস্তার কোলাহল  
হরতালের মত উধাও হল।  
ক্লাস্ট হয়ে বেঞ্চিতে বসলাম,  
পাশের চায়ের দোকানের লোকগুলো -  
আড়ডা থামিয়ে চলে গেল।  
পাখিদের কলরব শুনছিলাম  
সব পাখীগুলো  
হঠাৎ নিশুপ হয়ে রইল,  
জলে সূর্যের খেলা দেখছিলাম  
ঘন্টা দু'য়েক পর  
সূর্যটোও জলে ডুব দিল  
একা নিঃসঙ্গ যখন  
মনে হল  
এ দুঃখকেই বোধহয় বলে বিরহ।